ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
এয়ারপোর্ট রোড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪।
Website: www.erl.com.bd
E-mail: md-office@erl.com.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান ও দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এ নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও বয়স
১.	ম্যানেজমেন্ট প্রফেশনাল (ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস)	এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষার উভয় ক্ষেত্রে ১ম বিভাগ বা সমমানের জিপিএ এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে উভয় ক্ষেত্রে ১ম শ্রেণি বা সমতুল্য সিজিপিএ সহ স্নাতক সম্মান/বিবিএ (ফিন্যান্স/এ্যাকাউন্টিং) ও এমকম/এমবিএ (ফিন্যান্স/এ্যাকাউন্টিং)। বয়সঃ অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে)। সিএ (ইন্টারমিডিয়েট)/সিএমএ (পার্ট-৩) সম্পন্ন ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে বয়স ৩৫ (পঁয়ত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
২.	ম্যানেজমেন্ট প্রফেশনাল (পার্সোনেল এন্ড এ্যাডমিন.)	এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষার উভয় ক্ষেত্রে ১ম বিভাগ বা সমমানের জিপিএ এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে উভয় ক্ষেত্রে ১ম শ্রেণি বা সমতুল্য সিজিপিএ সহ স্নাতক সম্মান/বিবিএ ও এমকম/এমবিএ (ম্যানেজমেন্ট/এইচআরএম)। বয়সঃ অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে)। পিজিডিএইচআরএম/এলএলবি ডিগ্রী-অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে বয়স ৩৫ (পঁয়ত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
৩.	ম্যানেজমেন্ট প্রফেশনাল (কমার্শিয়াল)	এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষার উভয় ক্ষেত্রে ১ম বিভাগ বা সমমানের জিপিএ এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে উভয় ক্ষেত্রে ১ম শ্রেণি বা সমতুল্য সিজিপিএ সহ স্নাতক সম্মান/বিবিএ ও এমকম/এমবিএ (মার্কেটিং)। বয়সঃ অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বছর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে)। সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট/প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট- এ উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে বয়স ৩৫ (পঁয়ত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

১। 'ম্যানেজমেন্ট প্রফেশনাল' হিসেবে নির্বাচিত প্রার্থীগণ ০২(দুই) বছর মেয়াদি বাস্তব কাজে প্রশিক্ষণে নিয়োজিত থাকবেন এবং ১ম বছরের জন্য সর্বসাকুল্যে মাসিক ৳.৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং ২য় বছরের জন্য মাসিক ৳.৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

২। সন্তোষজনকভাবে ০২ (দুই) বছর মেয়াদি প্রশিক্ষণ সমাপ্তির পর 'ম্যানেজমেন্ট প্রফেশনাল' গণকে কোম্পানির অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে সুনির্দিষ্ট শূন্য পদ থাকা সাপেক্ষে 'এ্যাসিসটেন্ট ম্যানেজার (এম-৫ গ্রেড, বেতন স্কেলঃ টাকা ৩৫,৫০০-৩৭,২৮০-৩৯,১৫০-৪১,১১০-৪৩,১৭০-৪৫,৩৩০-৪৭,৬০০-৪৯,৯৮০-৫২,৪৮০-৫৫,১১০-৫৭,৮৭০-৬০,৭৭০/-) পদে স্থায়ী নিয়োগ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান নিয়োগ নীতিমালা এবং সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।

৪। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **www.erl.com.bd** এ পাওয়া যাবে।

৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল -এর ক্ষমতা সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও ERL এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৯। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় সময় তা প্রদর্শন করতে হবে।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তাঁর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিল সহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৩। Online - এ আবেদনপত্র পূরণ পদ্ধতিঃ

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://erlb.teletalk.com.bd-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

i. Online - আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১৪ জানুয়ারি, ২০২০: সকাল ১০.০০ টা।

ii. Online - আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ০৯ ফেব্রুয়ারি, ২০২০: সন্ধ্যা ০৬.০০ টা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদন পত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও সদ্যতোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি (রঙ্গিন) পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৪। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ

ক) Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রিন্ট (রঙ্গিন) অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৳. ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS: ERLB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

২য় SMS: ERLB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://erlb.teletalk.com.bd-এ অথবা ইআরএল'র www.erl.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

Online এ আবেদনের ক্ষেত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

গ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র download পূর্বক প্রিন্ট (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ-

i) User ID জানা থাকলে: ERLB<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: ERLB Help User ABCDEF & send to 16222.

ii) PIN Number জানা থাকলে: ERLB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: ERLB Help PIN 12345678 & send to 16222.

ঙ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার-এ যোগাযোগ করুন অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করুন।

(মো: লুৎফর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার (পার্সোনেল)
ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড, চট্টগ্রাম।